



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাণিজ্য মন্ত্রণালয়
যৌথমূলধন কোম্পানি ও ফার্মসমূহের পরিদপ্তর
আইসিটি শাখা
টিসিবি ভবন (৭ম তলা), ১ কাওরান বাজার, ঢাকা।
www.roc.gov.bd



স্মারক নম্বরঃ ২৬.০৬.০০০০.০৬০.০১.০৭২.১৯. ৪৫৯

তারিখঃ ২৭ চৈত্র ১৪২৮
১৪ মার্চ ২০২২


পরিপত্র

বিষয়ঃ কোম্পানি নিবন্ধন প্রক্রিয়া সহজতর করার জন্য স্বয়ংক্রিয় পদ্ধতিতে মডেল সংঘস্মারক (Memorandum of Association-MoA) এবং মডেল সংঘবিধি (Articles of Association-AoA) প্রণয়ন প্রসঙ্গে।

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, কোম্পানি নিবন্ধনের আবেদন দাখিলের পূর্বশর্ত হচ্ছে কোম্পানির সংঘস্মারক ও সংঘবিধি প্রণয়ন। সেবা সহজীকরণ ও ব্যবসা বান্ধব পরিবেশ সৃষ্টি এবং নিবন্ধন পদ্ধতিকে আন্তর্জাতিক মান উন্নয়ন এবং সেবাগ্রহীতাদের সুবিধার্থে নিবন্ধন প্রক্রিয়াকে আরো সহজতর করার জন্য এই মডেল সংঘস্মারক (MoA) এবং মডেল সংঘবিধি (AoA) চালু করা হয়েছে।

- এই উদ্যোগে কোম্পানি গঠনের উদ্যোক্তাগণ খুব সহজেই আরজেএসসির ই-সেবা ওয়েবসাইট থেকে নির্ধারিত সার্বজনীন ফরমেটের সহায়তা নিয়ে MoA এবং AoA তৈরি করতে পারবে;
- বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো দ্বারা তৈরি করা স্ট্যান্ডার্ড ইন্ডাস্ট্রিয়াল ক্লাসিফিকেশন (Standard Industrial Classification) ব্যবহার করে মডেল MoA এর উদ্দেশ্য ক্লাজ (Object Clause) তৈরি করা হয়েছে। এ সিস্টেমের মাধ্যমে সহজে ব্যবসার ধরণ অনুযায়ী Object Clause নির্বাচন করে ক্লিক করে স্বয়ংক্রিয় পদ্ধতিতে MoA তৈরি করতে পারবে। এই ক্লাসিফিকেশনটি আন্তর্জাতিক শিল্প ব্যবস্থাপনার শ্রেণিবিন্যাস অনুসরণ করে করা হয়েছে। এক্ষেত্রে শুধু উদ্যোক্তাগণ তাদের ব্যক্তিগত তথ্যাদি প্রদান করবেন;
- বিদ্যমান নিবন্ধন প্রক্রিয়ায় উদ্যোক্তাগণকে কোম্পানি আইন ১৯৯৪ এর তফসিল-১ অনুযায়ী সংঘবিধি প্রস্তুত করতে হয়। এই সংস্কারের মাধ্যমে কোম্পানি আইন অনুসারে কোম্পানির ধরণ অনুযায়ী মডেল সংঘবিধি প্রস্তুত করে দেয়া হয়েছে;
- আরজেএসসির অনলাইন সিস্টেম স্বয়ংক্রিয়ভাবে প্রস্তাবিত কোম্পানির জন্য প্রযোজ্য মডেল সংঘবিধিতে প্রযোজ্য তথ্য (কোম্পানির নাম, কোরাম সংখ্যা, সর্বোচ্চ পরিচালকের সংখ্যা, ব্যবস্থাপনা পরিচালকের মেয়াদ, পরিচালকের যোগ্যতামূলক শেয়ার ইত্যাদিসহ কোম্পানি আইনে বাধ্যবাধকতার তথ্যাদি) পূরণ করে সংঘবিধি প্রস্তুত করবে। আবেদনকারী আবেদন দাখিলের পূর্বেই প্রস্তাবিত কোম্পানির জন্য চূড়ান্ত সংঘবিধি দেখে নিতে পারবেন;
- সংঘবিধি পূরণ করে অনলাইন আবেদন ফরম চূড়ান্তভাবে দাখিল করলে নিবন্ধন ফি জমা প্রদান সম্পর্কিত তথ্য পাওয়া যাবে;
- বর্তমান এই সংস্কারে অনলাইন নিবন্ধন প্রক্রিয়া পূর্বের মত সম্পন্ন হবে, শুধুমাত্র সংঘবিধি ও সংঘস্মারক মডেল অনুযায়ী স্বয়ংক্রিয় পদ্ধতিতে প্রস্তুত হবে। ফলশ্রুতিতে গ্রাহকের সময়ের সাশ্রয় হবে এবং উদ্যোক্তা নিজেই নিজের কোম্পানি নিবন্ধন করতে সক্ষম হবে।

আগামী ১৭ মার্চ ২০২২ খ্রিঃ তারিখ হতে এটি কার্যকর হবে। সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙ্গালী জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ১০২ তম জন্মবার্ষিকী উপলক্ষে আরজেএসসির পক্ষ থেকে জন্মদিনের উপহার স্বরূপ এটি চালু করা হলো।

()
শেখ শোয়েবুল আলম এনডিসি)
নিবন্ধক (অতিরিক্ত সচিব)
ফোন: +৮৮ ০২ ৮১৮৯৪০১
ফ্যাক্স: +৮৮ ০২ ৮১৮৯৪০২
registrar@roc.gov.bd

বিতরণঃ অবগতি/প্রয়োজনীয় কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)।

১. গভর্নর, বাংলাদেশ ব্যাংক, মতিঝিল, ঢাকা।

২. নির্বাহী চেয়ারম্যান, বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ (বিডা)
৩. সিনিয়র সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. নির্বাহী চেয়ারম্যান, বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল কর্তৃপক্ষ, প্রধানমন্ত্রীর কার্যালয়, মোনেম বিজনেস ডিস্ট্রিক্ট, ১১১ বীর উত্তম সি.আর.দত্ত রোড, ঢাকা।
৫. নির্বাহী চেয়ারম্যান, বাংলাদেশ রপ্তানী প্রক্রিয়াকরণ এলাকা কর্তৃপক্ষ, প্রধানমন্ত্রীর কার্যালয়, বেপজা কমপ্লেক্স, বাড়ি#১৯/ডি, রোড#৬, ধানমন্ডি, ঢাকা-১২০৫।
৬. ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ হাইটেক পার্ক কর্তৃপক্ষ, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, আইসিটি টাওয়ার, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা।
৭. পরিচালক, বাণিজ্য সংগঠন, বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৮. সভাপতি, ফেডারেশন অব বাংলাদেশ চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রিজ (এফবিসিসিআই), ৬০ মতিঝিল, ঢাকা।
৯. সভাপতি, বাংলাদেশ গার্মেন্ট ম্যানুফ্যাকচারার্স এন্ড এক্সপোর্টার্স এসোসিয়েশন, বিজিএমইএ কমপ্লেক্স, বাড়ি#৭/৭এ, সেক্টর#১৭, ব্লক#এইচ-১, উত্তরা, ঢাকা-১২৩০।
১০. অতিরিক্ত নিবন্ধক, যৌথমূলধন কোম্পানি ও ফার্মসমূহের পরিদপ্তর, টিসিবি ভবন (৭ম তলা), ১ কাওরান বাজার, ঢাকা।
১১. উপনিবন্ধক, যৌথমূলধন কোম্পানি ও ফার্মসমূহের পরিদপ্তর, ঢাকা/চট্টগ্রাম।
১২. প্রোগ্রামার, যৌথমূলধন কোম্পানি ও ফার্মসমূহের পরিদপ্তর (ওয়েবসাইটে ও আবেদন দাখিল ওয়েব পেইজে প্রকাশের জন্য)।
১৩. সহকারী নিবন্ধক, যৌথমূলধন কোম্পানি ও ফার্মসমূহের পরিদপ্তর, ঢাকা/রাজশাহী/খুলনা।
১৪. এক্সামিনার অব একাউন্টস/ইন্সপেক্টর, যৌথমূলধন কোম্পানি ও ফার্মসমূহের পরিদপ্তর, ঢাকা/রাজশাহী/খুলনা/চট্টগ্রাম।
১৫. কম্পিউটার অপারেটর (সকল), যৌথমূলধন কোম্পানি ও ফার্মসমূহের পরিদপ্তর, ঢাকা।
১৬. উচ্চমান সহকারী (সকল), যৌথমূলধন কোম্পানি ও ফার্মসমূহের পরিদপ্তর, ঢাকা।
১৭. সীটলিপিকার কাম কম্পিউটার অপারেটর, যৌথমূলধন কোম্পানি ও ফার্মসমূহের পরিদপ্তর, ঢাকা।
১৮. ক্যাশিয়ার (সকল), যৌথমূলধন কোম্পানি ও ফার্মসমূহের পরিদপ্তর, ঢাকা।
১৯. অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক (সকল), যৌথমূলধন কোম্পানি ও ফার্মসমূহের পরিদপ্তর, ঢাকা।
২০. নিবন্ধকের ব্যক্তিগত সহকারী, যৌথমূলধন কোম্পানি ও ফার্মসমূহের পরিদপ্তর, ঢাকা।
২১. অফিস কপি।